

অধ্যাপক রাজ্জাকের মেয়াদ শেষ

খুলনা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ পদ নিয়ে চলছে জোর লবিং

এস এম হাবিব, খুলনা থেকে : খুলনা বিশ্ববিদ্যালয়ের বর্তমান কোষাধ্যক্ষ আব্দুর রাজ্জাক সরদারের মেয়াদ গতকাল শনিবার শেষ হয়ে গেছে। খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাষ্ট্রপতির কাছে সং এবং নিষ্ঠাবান অধ্যাপককে ট্রেজারার হিসেবে নিয়োগ করার দাবি জানিয়ে আবেদন করেছে। এদিকে কোষাধ্যক্ষের উচ্চ পদটির জন্য বর্তমান অধ্যাপক রাজ্জাকসহ চারজন অধ্যাপক জোর লবিং চালাচ্ছে। সম্প্রতি বিভিন্ন ঘটনায় ট্রেজারারের পদটি বিতর্কিত হয়ে পড়েছে। অধ্যাপক আব্দুর রাজ্জাক সরদার ১৯৯৭ সালে ৩১ মার্চ খুলনা বিশ্ববিদ্যালয়ে দু বছরের চুক্তিতে ট্রেজারার হিসেবে নিয়োগ পান। পরবর্তী সময়ে ১৯৯৯ সালের ৩১ মার্চ পুনরায় তাকে দু বছরের জন্য নিয়োগ দেওয়া হয়। গত ২১ জানুয়ারি খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও শিক্ষকদের মধ্যে অপ্রীতিকর ঘটনার জন্য দিলে খুলনা

বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যায় এবং পরবর্তী সময়ে বিশ্ববিদ্যালয় খোলা হলে ছাত্রছাত্রীর ক্রাসে যোগদান থেকে বিরত থাকে। ছাত্রের ঘটনার জন্য ট্রেজারারকে অভিযুক্ত করে তার অপসারণের দাবি জানায়। তারা এখনো আন্দোলন চালিয়ে যাচ্ছে যাতে বর্তমান ট্রেজারার তৃতীয়বারের মতো উচ্চ পদে চুক্তিবদ্ধ না হয়।

সূত্রমতে, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারারের অবৈতনিক পদের জন্য চারজন প্রার্থীর নাম শোনা যাচ্ছে। এরা হচ্ছেন বর্তমান ট্রেজারার অধ্যাপক আব্দুর রাজ্জাক সরদার, মাধ্যমিক শিক্ষার উপপরিচালক অধ্যাপক নুরুল ইসলাম, বাগেরহাট পিসি কলেজের সাবেক অধ্যক্ষ আবুল হোসেন ফকির এবং বিএল কলেজের সাবেক অধ্যক্ষ ও বর্তমান হাজি মহসীন কলেজের অধ্যক্ষ জাফর ইমাম। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর সিদ্ধান্ত নেননি কে হবেন খুলনা বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার। তবে প্রার্থীরা তাদের নিয়োগের ব্যাপারে সরকারের উচ্চ মহলে লবিং চালিয়ে যাচ্ছে। সব দিক বিবেচনায় জাফর ইমামের অবস্থান ভালো বলে সূত্র জানায়।